গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
www.coop.khulnadiv.gov.bd

"লাভজনক সমিতি,
সমবায়ীর উন্নতি"

**নম্বর:** ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০০০৬.১১.৪২৬

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

যেহেতু, খুলনা জেলার ফুলতলা উপজেলাধীন জেড এ সি এস বহুমুখী সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নম্বর: ৩৬৫/কে, তারিখ: ১৫/০৭/২০০৯ (সংশোধিত নিবন্ধন নম্বর: ১২/খুল, তারিখ: ২৮/০৪/২০১১), নিবন্ধিত ঠিকানা: আয়ুব রাবেয়া সুপার মার্কেট, রফিক সড়ক, ডাক: ফুলতলা বাজার, ফুলতলা, খুলনা এর এর কার্যক্রম বিগত এক বছরের অধিককাল যাবৎ বন্ধ রয়েছে;

যেহেতু, উক্ত কারণে জেলা সমবায় অফিসার, খুলনা কর্তৃক বিগত ০৯ জুন ২০২৬৫ তারিখের ৪৭.৬১.৪৭০০.০০০.০০০.১৮.০০০৮২৬.৫০৯ নম্বর স্মারকপত্রে বর্ণিত সমিতির নিবন্ধন বাতিলের জন্য সুপারিশ করা হয়েছে এবং এ কার্যালয়ের বিগত ২৮ জুন ২০২৬ তারিখের ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০০০৬.১১.৩৪৭ নম্বর স্মারকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন- ২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) মোতাবেক কেন সমিতিটির নিবন্ধন সরাসরি বাতিল করা হবে না মর্মে ১৩ জুলাই ২০২৬ তারিখের মধ্যে জবাব দাখিলের জন্য সমিতির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর সমিতির নিবন্ধিত ঠিকানায় কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে উক্ত নোটিশের কোন জবাব দাখিল করা হয়নি;

সেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন-২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) এর অর্পিত ক্ষমতা বলে জেলা সমবায় অফিসার, খুলনার সুপারিশের ভিত্তিতে উল্লিখিত সমিতির নিবন্ধন এতদ্বারা বাতিল করা হলো।

০২-০৮-২০২৬
মোঃ নূরুন্নবী
বিভাগীয় যুগ্ম নিবন্ধক
ফোন : ০২৪৭৭৭০১৯৮১
ইমেইল : ✉ jr.khulna@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০০০৬.১১.৪২৬/১ (৪)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০২ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সভাপতি/সম্পাদক (মেয়াদ উত্তীর্ণ ব্যবঃ কমিটি), জেড এ সি এস বহুমুখী সমবায় সমিতি লিঃ, আয়ুব রাবেয়া সুপার মার্কেট, রফিক সড়ক, ডাক: ফুলতলা বাজার, ফুলতলা, খুলনা।
২। পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা। তাঁকে উক্ত সমিতির নিবন্ধন বাতিল আদেশটি এ দপ্তরের ওয়েবপোর্টালে আপলোড নিশ্চিতকরণের অনুরোধসহ।
৩। উপজেলা সমবায় অফিসার (অতিরিক্ত দায়িত্ব ), ফুলতলা, খুলনা।
৪। জেলা সমবায় অফিসার, খুলনা।

০২-০৮-২০২৬
মোহাম্মদ হাসিবুর রহমান মোল্লাহ্
উপনিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)